



## ইউএনওকে হুঁশিয়ারি দেয়ায় চেয়ারম্যানকে শোকজ

চাঁপাইনবাবগঞ্জ প্রতিনিধি || রাইজিংবিডি.কম

প্রকাশিত: ২০:২৩, ২৩ জুন ২০২৩



নারী উপজেলা নির্বাহী কর্মকর্তাকে নিয়ে কটুক্তি, কুরূচিপূর্ণ, মানহানিকর বক্তব্য দেওয়ায় চাঁপাইনবাবগঞ্জ জেলার ভোলাহাট উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক মো. রাব্বুল হোসেনকে শোকজ নোটিশ দেওয়া হয়েছে। একই সঙ্গে কেন তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে না - এ মর্মে কারণ দর্শাতে বলেছে স্থানীয় সরকার বিভাগ।

গতকাল বৃহস্পতিবার (২২ জুন) স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ উপজেলা শাখা-১ এর উপ-সচিব ড. মাসুরা বেগম স্বাক্ষরিত এক চিঠিতে এই নির্দেশ দেওয়া হয়।

বক্তব্য প্রদানের অভিযোগটি অসদাচরণ বা ক্ষমতার অপব্যবহারের শামিল হওয়ায় পরবর্তী সময়ে ৭ কার্য দিবসের মধ্যে রাব্বুল হোসেনকে ব্যাখ্যা দিতে বলা হয়েছে ওই নোটিশে।

এর আগে, ১৯ জুন বিকেলে ভোলাহাট উপজেলার মেডিকেল মোড়ে উপজেলা যুবলীগের আয়োজনে শান্তি সমাবেশে বক্তব্য রাখাকালে ইউএনও উম্মে তাবাসসুমকে ঈদের পর গামছা পরিয়ে বিদায় করার হুমকি দেন উপজেলা পরিষদের চেয়ারম্যান রাব্বুল হোসেন।

এসময় তিনি বলেন, ‘আমাকে বরখাস্ত করার জন্য উৎপাত চলছে। উপজেলা পরিষদের কর্মচারীদের বেতন টিএ-ডিএ দেওয়া হচ্ছে না। আমার ড্রাইভারের ওভারটাইমও দেওয়া হচ্ছে না। শুধু জামায়াত-বিএনপি নয়, প্রশাসনের চেয়ারে বসে প্রধানমন্ত্রীর নাম ভাঙিয়ে যারা চলছে তাদের সঙ্গে বর্তমান ইউএনও যড়যন্ত্রে যুক্ত। এর আগে দাঁতভাঙা জবাব কেউ দেখেনি, ঈদের পরে আসল রূপ দেখানো হবে।’



আওয়ামী লীগ নেতাদের উদ্দেশ্য করে তিনি আরও বলেন, ‘আপনারা এ ইউএনওকে কন্ট্রোল করুন, নয়তো বিদায় করুন। ঈদের পর জামায়াত বিএনপির আন্দোলন তীব্র হলে এ ইউএনওর কারণে আমাদের আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের অর্ধেক নেতাকর্মীকে কারাগারে থাকতে হবে। ২৫ তারিখের মধ্যে কোনো স্টেপ না নেওয়া হলে যতগুলো প্রকল্পের কাজ চলছে আমি স্বাক্ষর করবো না।’

ভোলাহাট উপজেলা পরিষদের চেয়ারম্যানের এমন বক্তব্য দেয়া ভিডিওটি সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

